

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা

স্মারক: ৪৩

তারিখ: ০৮/০১/২০১৮ খ্রি.

বিষয়: জরুরী ভিত্তিতে মামলার পরিসংখ্যান প্রেরণ প্রসঙ্গে।

নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে জবাব দানের জন্য আপনার জেলায় অবস্থিত সকল আদালতের দেওয়ানী ও ফৌজদারী মামলার পরিসংখ্যান পাওয়া আবশ্যিক। এমতাবস্থায়, আগামী ০৯/০১/২০১৮ খ্রি. দুপুর ২টার মধ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্টের নিম্নোক্ত ফ্যাক্স নম্বর সমূহে এবং ই-মেইল ঠিকানায় আপনার জেলার সকল আদালতের দেওয়ানী ও ফৌজদারী মামলার নিম্নোক্ত পরিসংখ্যান প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

পরিসংখ্যান (৩১/১২/২০১৭ খ্রি. পর্যন্ত)

- ১। বিচারাধীন দেওয়ানী মামলার মোট সংখ্যা কত?
- ২। বিচারাধীন ফৌজদারী মামলার মোট সংখ্যা কত?
- ৩। বিচারাধীন মামলার মোট সংখ্যা কত?
- ৪। বিচারাধীন দেওয়ানী মামলার মধ্যে পাঁচ বছর এবং এর বেশি সময় ধরে চলমান মামলার সংখ্যা কত?
- ৫। বিচারাধীন ফৌজদারী মামলার মধ্যে পাঁচ বছর এবং এর বেশি সময় ধরে চলমান মামলার সংখ্যা কত?
- ৬। বিচারাধীন মামলার মধ্যে পাঁচ বছর এবং এর বেশি সময় ধরে চলমান মামলার মোট সংখ্যা কত?

ফ্যাক্স নম্বরঃ

৯৫৮৮৫৮৬

৯৫৬৫০৫৮

৯৫৮৭২০০

ই-মেইলঃ

rg@supremecourt.gov.bd

Sanjida Sarwar
০৪.০১.১৮

(সানজিদা সরওয়ার)

সহকারী রেজিস্ট্রার (বেঞ্চ ও ডিক্রি)
হাইকোর্ট বিভাগ, ঢাকা

বিজ্ঞ জেলা ও দায়রা জজ.....(সকল)

অনুলিপিঃ

- ১। মাননীয় সচিব, আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
- ২। সৈয়দা কানিজ কামরুন নাহার, সিনিয়র সহকারী সচিব, আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
- ৩। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]